



## বিএএফ শাহীন কলেজ বগুড়া বারপুর, বগুড়া

### দরপত্র আহ্বান: শিক্ষার্থীদের আইডি কার্ড তৈরির জন্য ঠিকাদার নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিমান বাহিনী কর্তৃক পরিচালিত বিএএফ শাহীন কলেজ বগুড়ার ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে অধ্যয়নরত একাদশ শ্রেণির শিক্ষার্থীদের আইডি কার্ড তৈরি করা হবে। এ লক্ষ্যে প্রকৃত আইডি কার্ড তৈরিকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে বন্ধ খামে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। নির্বাচিত ঠিকাদারকে প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক শিক্ষার্থী আইডি কার্ড সরবরাহ করতে হবে। দক্ষ ও আর্থিকভাবে স্বচ্ছল অগ্রহী প্রতিষ্ঠান ২৪ অক্টোবর ২০২৪ তারিখ হতে ৩০ অক্টোবর ২০২৪ তারিখ ০৮০০ ঘ: হতে ১৪০০ ঘ: (কর্মদিবস) পর্যন্ত কলেজ অফিস হতে ১০০.০০ (একশত) টাকা (অফেরত যোগ্য) প্রদান করে টেন্ডার ফরম (সিডিউল) সংগ্রহ করতে পারবেন। দরপত্রের সাথে নিজ প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নবর্ণিত দলিল পত্রাদি জমা দিতে হবে:

- ১। প্রতিষ্ঠানের নামে হালনাগাদ ট্রেড লাইসেন্স।
- ২। আয়কর সনদপত্র (টিআইএন সহ) এবং ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট।
- ৩। অভিজ্ঞতার সনদপত্র (কমপক্ষে ০২ বৎসরের)।
- ৪। প্রতিষ্ঠানের মালিকের ভোটার আইডি কার্ডের ফটোকপি এবং ০২ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি।
- ৫। ভ্যাট/ট্যাক্স উল্লেখ করে বিল দাখিল করতে হবে (১৮৫টি আইডি কার্ড)।

উক্ত দলিলাদি/সনদপত্রসহ পূরণকৃত দরপত্রের মূল কপি অধ্যক্ষ, বিএএফ শাহীন কলেজ বগুড়া- এর বরাবরে আগামী ৩১ অক্টোবর ২০২৪ তারিখ হতে ০৬ নভেম্বর ২০২৪ তারিখ ১৪০০ ঘটিকার মধ্যে বিএএফ শাহীন কলেজ বগুড়ায় রক্ষিত টেন্ডার বাক্সে জমা দেয়া যাবে। ০৬ নভেম্বর ২০২৪ তারিখ ১৪০০ ঘটিকার সময় বিএএফ শাহীন কলেজ বগুড়ায় টেন্ডার বাক্স খোলা হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল অথবা যে কোনো দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

অধ্যক্ষ

বিএএফ শাহীন কলেজ বগুড়া

দূরলাপনী: ০১৭৬৯৪০৫৫৯২/০১৩১৩৭২১২১৮



## বিএএফ শাহীন কলেজ বগুড়া ঠিকাদার নিয়োগের শর্তাবলী

- ১। প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী শিক্ষার্থী আইডি কার্ড সরবরাহ করতে হবে।
- ২। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানকে সিডিউল ও শর্তাবলীর প্রতি পাতায় প্রাতিষ্ঠানিক সীলমোহরসহ দস্তখত করতঃ মূলকপি প্রদত্ত দরের সাথে জমা দিতে হবে।
- ৩। কর্তৃপক্ষের দেওয়া নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষার্থী আইডি কার্ড সরবরাহ করতে হবে।
- ৪। শিক্ষার্থী আইডি কার্ড সরবরাহ সংক্রান্ত যাবতীয় কর্মকান্ড যথাযথ সততার সহিত সম্পাদন করতে হবে। কোন মতপার্থক্য পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৫। Sub contract এর মাধ্যমে কার্য সমাধান করা যাবে না।
- ৬। শিক্ষার্থীদের আইডি কার্ড তৈরি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম নির্বাচিত দরদাতাকে নিজ দায়িত্বে করতে হবে এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দেওয়া নমুনা অনুযায়ী আইডি কার্ড তৈরি করতে হবে।
- ৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

অধ্যক্ষ

বিএএফ শাহীন কলেজ বগুড়া